# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তির জীবনে উদ্দেশ্য পরিপন্থী বিষয় আসবে, তখন তার জন্য ওয়াজিব হলো তাতে অসন্তুষ্ট না হওয়া

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ تَرْكِ التَّسَخُّطِ عِنْدَ وُرُودِ ضِدِ الْمُرَادِ فِي الْحَالِ عليه

---

আরবী

2882 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ آدَمَ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ أَبِي عَامِرٍ الْخَزَّازِ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: خَدَمْتُ رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَشْرَ سِنِينَ فَمَا قَالَ لِي: لِمَ فَعَلْتَ كَذَا ولم تَفْعَلْ كذا.
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2882 | خلاصة حكم المحدث: صحيح ـ ((مختصر الشمائل)) (296): م، وسيأتي بلفظ آخر (7135).

বাংলা

২৮৮২. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দশ বছর খেদমত করেছি। তিনি আমাকে কখনো বলেননি, “তুমি এমনটা কেন করলে?” এবং এটাও বলেননি, “তুমি কেন এমনটা করোনি?”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৩০৯; মুসনাদ আহমাদ: ৩/২৫৫; সহীহুল বুখারী: ৬০৩৮; সহীহ মুসলিম: ২৩০৯; দারেমী: ১/৩১; আদাবুল মুফরাদ: ২৭৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭৯৪৬; আবূ দাউদ: ৪৭৭৪; বাগাবী: ৩৬৬৫; তিরমিযী: ২০১; তাবারানী আস সাগীর: ১১০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন